গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৯৯.০২৫.১৮.১৩০ তারিখ: ১১ বৈশাখ ১৪৩১
২৪ এপ্রিল ২০২৪

**প্রজ্ঞাপন**

সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা,২০১৯ এর বিধি-৬(৪) এবং ৬(৫) অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণকে চাকুরিতে প্রবেশের অন্যূন ০৪ (চার) বৎসরের মধ্যে "প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ (বিটিপিটি)" সম্পন্ন করতে হবে। চাকরি স্থায়ীকরণের আবশ্যিক শর্ত হিসেবে তাদেরকে এ প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করতে হবে। তবে ইতোমধ্যে যারা সি-ইন-এড ও ডিপিএড প্রশিক্ষণ সম্পন্ন করেছেন তাদের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।

২. এ বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত সকল আদেশ/প্রজ্ঞাপন/পরিপত্র এ আদেশ জারির তারিখ হতে বাতিল বলে গণ্য হবে।

৩. জনস্বার্থে জারিকৃত এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৪-৪-২০২৪

মোহাম্মদ কবির উদ্দীন
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৭২৫৫
ইমেইল: sa@mopme.gov.bd

নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৯৯.০২৫.১৮.১৩০/১(১১) তারিখ: ১১ বৈশাখ ১৪৩১
২৪ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
৫) উপনিয়ন্ত্রক, বাংলাদেশ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

৬) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় , সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৭) সিস্টেম এনালিস্ট , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।।

৮) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/খুলনা/বরিশাল/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা।

৯) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)।

১০) সুপারিনটেনডেন্ট, পিটিআই(সকল)।

১১) জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।